দৈনিক ইনকিলাব
তারিখ 28 DEC 1993
পৃষ্ঠা 2 কলাম 7

# শিক্ষা সচিবের নোটিশ প্রত্যাহার করতে কলেজ শিক্ষক সমিতির আহবান

শিক্ষার্থীদের পরীক্ষায় খারাপ ফলাফলের ক্ষেত্রে বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের দেয় সরকারী আর্থিক সুবিধা বন্ধ করে দেয়ার হুমকিসম্বলিত শিক্ষা সচিবের নোটিশ প্রত্যাহারের জন্যে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি আহবান জানিয়েছে। খবর ইউএনবি'র।

সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের অধীনে পরীক্ষায় শতকরা ৬০ শতাংশ ছাত্র-ছাত্রী পাস না করলে সংশ্লিষ্ট বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের দেয় অর্থ বন্ধ করে দেয়া হবে এই মর্মে হুমকি দিয়ে শিক্ষা সচিব একটি নোটিশ ইস্যু করেছেন। সরকারী কলেজ সম্পর্কে নোটিশে কিছুই বলা হয়নি। নেতৃবৃন্দ বলেন, সরকারের কাছ থেকে সকল শিক্ষক-কর্মচারীর সমান সুবিধা পাওয়া উচিত। কেবলমাত্র বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ক্ষেত্রে এ ধরনের ব্যবস্থা হতে পারে না। প্রস্তাবিত এই কার্যব্যবস্থা বৈষম্যমূলক।

সমিতি এই আদেশ অবিলম্বে প্রত্যাহারের জন্যে সরকারের প্রতি আহবান জানায়।